মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকালে মেহেরপুর সদর উপজেলা হলরুমে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এস এম জয়নুল ইসলামর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ আসাফুদৌলা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ জহুরুল হক, সোনালি ব্যাংক মেহেরপুর শাখার ম্যানেজার তৌহিদুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক মোঃ সামসুল আরেফিন মোঃ জাহিদুল ইসলাম, মোঃ নুরুল ইসলাম, শাহীন আক্তার, ইয়াছ নবী, সহিদুল ইসলাম, সহকারী শিক্ষক মামুনুর রহমান ও কমর উদ্দীন।

এসময় বিদায়ী উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিন কে ক্রেস্ট, মানপত্র ও উপহার সামগ্রী প্রদান করা হয়।